

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫০০০

৬৬/ আল-কুরআনের ফাযীলাতসমূহ (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৬৬/৮. নাবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর যে সব সাহাবী কারী ছিলেন।

بَاب : الْقُرَّاءِ مِنْ أُصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

عُمَرُ بْنُ حَفْصٍ حَدَّتَنَا أَبِيْ حَدَّتَنَا الْأَعْمَشُ حَدَّتَنَا شَقِيْقُ بْنُ سَلَمَةَ قَالَ خَطَبَنَا عَبْدُ اللهِ عُمْرُ بْنُ مَسْعُوْدٍ فَقَالَ وَاللهِ لَقَدْ أَخَذْتُ مِنْ فِيْ رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم بِضْعًا وَسَبْعِیْنَ سُوْرَةً وَاللهِ لَقَدْ عَلِمَ أَصْحَابُ النَّبِيِّ صلى الله علیه وسلم أَنِّيْ مِنْ أَعْلَمِهِمْ وَسَبْعِیْنَ سُوْرَةً وَاللهِ لَقَدْ عَلِمَ أَصْحَابُ النَّبِيِّ صلى الله علیه وسلم أَنِّيْ مِنْ أَعْلَمِهِمْ بِكِتَابِ اللهِ وَمَا أَنَا بِخَیْرِهِمْ قَالَ شَقِیْقٌ فَجَلَسْتُ فِي الْحِلَقِ أَسْمَعُ مَا يَقُوْلُونَ فَمَا سَمِعْتُ رَادًا يَقُوْلُونَ فَمَا سَمِعْتُ رَادًا يَقُولُونَ فَمَا سَمِعْتُ وَاللّهِ لَكَ عَیْرَ ذَلِكَ

বাংলা

৫০০০. শাকীক ইবন সালামাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা 'আবদুল্লাহ্ ইবনু মাসউদ (রাঃ) আমাদের সামনে ভাষণ দিলেন এবং বললেন, আল্লাহর শপথ! সত্তরেরও কিছু অধিক সূরাহ আমি রাসূল সাল্লাল্লাহ্ছ 'আলাইহি ওয়াসাল্লাম-এর মুখ থেকে হাসিল করেছি। আল্লাহর কসম! নবী সাল্লাল্লাহ্ছ 'আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীরা জানেন, আমি তাঁদের চেয়ে আল্লাহর কিতাব সম্বন্ধে অধিক জ্ঞাত; অথচ আমি তাঁদের মধ্যে সর্বোত্তম নই। শাকীক (রহ.) বলেন, সাহাবীগণ তাঁর কথা শুনে কী বলেন তা শোনার জন্য আমি মাজলিসে বসে থাকলাম, কিন্তু আমি কাউকে অন্যরকম কথা বলে আপত্তি করতে শুনিনি। [মুসলিম ৪৪/২২, হাঃ ২৪৬২] (আধুনিক প্রকাশনীঃ ৪৬২৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৬৩৪)

English

Narrated Shaqiq bin Salama:

Once `Abdullah bin Mas`ud delivered a sermon before us and said, "By Allah, I learnt over seventy Suras direct from Allah's Messenger (). By Allah, the companions of the Prophet () came to know that I am one of those who know Allah's Book best of all of them, yet I am not the best of



them." Shaqiq added: I sat in his religious gathering and I did not hear anybody opposing him (in his speech).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ শাক্ষীক ইবনু সালামা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন